



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল


www.barisalboard.gov.bd

স্মারক নং- বশি/বো/পনি/উমা/১৯৬২

তারিখঃ ০৪ মার্চ, ২০১৯

বিষয়: এইচএসসি পরীক্ষা ২০১৯ সূচু ও সুন্দরভাবে অনুষ্ঠিত হওয়ার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাদের প্রতি জরুরি নির্দেশনা।

১. পরীক্ষা শুরু ০৭ [সাত] দিন পূর্বে কেন্দ্রের নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের [ভার্সন অনুযায়ী] তালিকা প্রণয়ন করতে হবে [ছক সংযুক্ত]।
২. পরীক্ষা শুরু ০৫ [পাঁচ] দিন পূর্বে ট্রেজারির ড্রাফ্টে রক্ষিত প্রশ্নপত্রের প্যাকেটের সাথে প্রশ্নপত্রের বিবরণী তালিকা সঠিকভাবে যাচাই করতে হবে। প্রশ্নপত্রের প্যাকেট যাচাইকালে সংশ্লিষ্ট ট্রেজারি অফিসার, কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও পরীক্ষা পরিচালনা কমিটির সদস্যবৃন্দ অবশ্যই উপস্থিত থাকবেন। কেন্দ্রের পরীক্ষার্থীর সংখ্যা অনুযায়ী সকল প্রশ্নপত্র পাওয়া গিয়েছে এ মর্মে পরীক্ষা শুরুর ০৩ [তিন] দিন পূর্বে প্রতায়নপত্র বোর্ডে প্রেরণ করতে হবে।
৩. মুদ্রিত প্রশ্নপত্রের সৃজনশীল [CQ] এবং বহুনির্বাচনি [MCQ] সেট, পরীক্ষার তারিখ অনুসারে সেটভিত্তিক আলাদা করে Security খামে প্যাকেট করতে হবে।
৪. প্রশ্নপত্রের প্যাকেট যাচাইয়ের দিনে সংশ্লিষ্ট ব্যক্তিদের উপস্থিতিতে তারিখভিত্তিক প্রশ্নপত্রের প্যাকেট সাজিয়ে Security খামের গাম লগিয়ে এবং কার্টন টেপে যথাযথভাবে মুড়িয়ে নিতে হবে এবং Security খামের উপর পরীক্ষার তারিখ, বিষয় কোড ও সেট কোড অবশ্যই লিখতে হবে। এ বিষয়ে কোনো ত্রুটি পরিলক্ষিত হলে তা ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্বে অবহেলা বলে গণ্য হবে।
৫. কোনো অবস্থাতেই উপজেলা সদরের বাইরে প্রশ্নপত্রের ড্রাফ্ট রাখা যাবে না।
৬. ট্রেজারি হতে পরীক্ষার দিনগুলোতে ট্রেজারি অফিসারের নিকট হতে ওই দিনের জন্য সকল সেটের প্রশ্নপত্রের Security প্যাকেট সৃজনশীল (CQ) এবং বহুনির্বাচনি [MCQ] গ্রহণ করতে হবে।
৭. Tag Officer এবং Police ব্যতীত প্রশ্নপত্রের Security খাম নিয়ে ট্রেজারি/থানা থেকে কেন্দ্রে যাওয়া যাবে না।
৮. প্রশ্নপত্র ব্যবহারের এসএমএস মোতাবেক সেট ব্যবহার করতে হবে এবং এসএমএস পাওয়ার পর প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে। অব্যবহৃত সেটের প্রশ্নপত্রের খাম অক্ষত অবস্থায় বোর্ডে জমা দিতে হবে।
৯. পরীক্ষার সময়, তারিখ, বিষয়, সেট নিশ্চিত হয়ে প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে।
১০. পরীক্ষা কক্ষে প্রশ্নপত্র পাঠানোর সময় সিলেবাস সংক্রান্ত বিষয়টি নিশ্চিত হতে হবে। প্রতিটি কক্ষে ছক মোতাবেক প্রশ্নপত্রের বিবরণী তৈরি করে দিতে হবে।
১১. পরীক্ষার্থীকে অবশ্যই প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড উল্লিখিত বিষয়ে পরীক্ষা দিতে হবে, অনিয়মিত পরীক্ষার্থীকে তার প্রবেশপত্রে উল্লিখিত সকল বিষয় তার জন্য নির্ধারিত সিলেবাস অনুযায়ী পরীক্ষা দিতে হবে।
১২. কোনো পরীক্ষার্থী যাতে কোনো উপায়ে অসদুপায় অবলম্বন করতে না পারে এ জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরীক্ষাকেন্দ্রের প্রধান ফটকে পরীক্ষার্থীদের দেহ অবশ্যই তল্লাশি করে কেন্দ্রে প্রবেশের অনুমতি দিতে হবে।
১৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যতীত অন্য কেউ মোবাইল ফোন/ইলেকট্রনিক ডিভাইস নিয়ে কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না। শুধু ভারপ্রাপ্ত কর্মকর্তা ছবি তোলা যায় না এমন মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন।
১৪. নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের আলাদা কক্ষে আসন ব্যবস্থা করতে হবে।
১৫. পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে অবশ্যই প্রবেশ করানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সময়ের পর কোনো পরীক্ষার্থী আসলে ভারপ্রাপ্ত কর্মকর্তা বিশেষ বিবেচনায় রেজিস্টার খাতায় রোল নম্বর ও অন্যান্য তথ্য লিপিবদ্ধ করে কেন্দ্রে প্রবেশের অনুমতি দিতে পারবেন। পরীক্ষা শেষে বোর্ডে রেজিস্টার খাতাটি জমা দিতে হবে।
১৬. ১৪৪ ধারা জারিকৃত চিহ্নিত স্থানগুলোতে লাল পতাকা টানাতে হবে। পরীক্ষা শুরুর পূর্বে পরীক্ষাকেন্দ্রের বাইরে পরীক্ষার্থী, অভিভাবক বা অন্যকেউ যাতে জটলা সৃষ্টি করতে না পারে সে ব্যাপারে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারে, প্রয়োজনে হ্যান্ডমাইক ব্যবহার করতে হবে, সম্ভব হলে সিপি ক্যামেরা স্থাপন করতে হবে।
১৭. বোর্ড সরবরাহকৃত নকল প্রতিরোধমূলক পোস্টার পরীক্ষাকেন্দ্রের পথের দৃশ্যমান স্থানে লাগাতে হবে।



প্রফেসর মোহাম্মদ ইউনুস # ৬৯৪৭

চেয়ারম্যান

ফোন: ০৪৩১-৬৩০৩৩

ইমেইল: barisalboard@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা

২০১৯ সনের এইচএসসি পরীক্ষার সকল কেন্দ্র



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

## নমুনা

এক নজরে প্রশ্নপত্রের বিবরণী

কেন্দ্রের নাম:

কেন্দ্র কোড:

পরীক্ষার তারিখ	বিষয়ের নাম ও পত্র, বিষয়কোড	[২০১৯ সনের সিলেবাস অনুযায়ী] সংখ্যা		[২০১৬ সনের সিলেবাস অনুযায়ী] সংখ্যা		[২০১৫ সনের সিলেবাস অনুযায়ী] সংখ্যা	
		বাংলা ভাষন	ইংরেজি ভাষন	বাংলা ভাষন	ইংরেজি ভাষন	বাংলা ভাষন	ইংরেজি ভাষন

এক নজরে কক্ষভিত্তিক প্রশ্নপত্রের বিবরণী

কক্ষ নং:.....

পরীক্ষার তারিখ	বিষয়ের নাম ও পত্র, বিষয়কোড	[২০১৯ সনের সিলেবাস অনুযায়ী] সংখ্যা		[২০১৬ সনের সিলেবাস অনুযায়ী] সংখ্যা		[২০১৫ সনের সিলেবাস অনুযায়ী] সংখ্যা	
		বাংলা ভাষন	ইংরেজি ভাষন	বাংলা ভাষন	ইংরেজি ভাষন	বাংলা ভাষন	ইংরেজি ভাষন